

একই নাম্বার ও তারিখের ছুলাভিষিক্ত বলে গণ্য হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।



স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩- ২৪৮

তারিখঃ- ১০/০১/২০২৩খ্রিঃ।

বিষয়ঃ- পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট ০৬(ছয়) মাসের জন্য স্থগিত প্রসংগে।

- সূত্রঃ- ১। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকার কার্যালয়ের স্মারক নং- ২২.০১.০০০০.১০১.২৩.০৯৫.২১.০৬ তাং- ০১/০১/২০২৩খ্রিঃ।
২। অত্র বিভাগের স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২২-৬৩৭৬ তাং- ০৭/১২/২০২২খ্রিঃ।
৩। বন্যপ্রাণী পরিদর্শক এর স্মারক নং- ২২.০১.০০০০.১১১.২৩.০০০.২০২২-১৯১ তাং- ০৬/১২/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা এর কার্যালয়ের স্মারক নং- ২২.০১.০০০০.১০১.২৩.০৯৫. ২১.৭৩ তাং- ১৩/১০/২০২২খ্রিঃ মূলে আপনার প্রতিষ্ঠান মেসার্স ওসপ্রে ইন্টারন্যাশনাল এর নামে ০৬(ছয়) টি ব্রু এন্ড গোল্ড ম্যাকাও পাখির এন.ও.সি প্রদান করা হয়।

উক্ত ০৬(ছয়) টি ম্যাকাও পাখির মধ্যে ০৪(চার) টি ম্যাকাও পাখি পর্তুগাল হতে আমদানী করা হয়। উক্ত ০৪(চার) টি ম্যাকাও পাখির মধ্যে এন.ও.সি বর্হিভূত পাখি সনাক্ত করা হয় যা কাষ্টম আইন বর্হিভূত।

আপনি এন.ও.সি বর্হিভূত পাখি আমদানী করায় বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ ও পোষা পাখি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২০ লঙ্ঘন করায় আপনার প্রতিষ্ঠান মেসার্স ওসপ্রে ইন্টারন্যাশনাল এর নামে অত্র বন বিভাগ হতে ইস্যুকৃত পোষা পাখি লালন-পালন খামারের জন্য লাইসেন্স ও পজেশন সার্টিফিকেট অত্র পত্র জারীর তারিখ হতে ০৬(ছয়) মাস পর্যন্ত উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে স্থগিত করা হলো।

উল্লেখ্য বর্তমানে আপনার খামারে বিদ্যমান পাখি বিক্রয় ব্যতীত অত্র পত্র জারীর তারিখ হতে ০৬(ছয়) মাস সময়ের মধ্যে অন্য কোন খাঁচায় পোষা বিদেশী পাখি ক্রয়, বিক্রয়, আমদানী ও রপ্তানী করা হতে বিরত থাকার জন্যও অনুরোধ জানানো হলো।

(কাজল তালুকদার)
বিভাগীয় বন কর্মকর্তা

বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।

প্রাপকঃ- জনাব মঞ্জুর হাসান রিজন
মেসার্স ওসপ্রে ইন্টারন্যাশনাল
১০/এ, লেন ৬/৭, সিডিসি সামসিয়া
(৩০২ বি-২), মিরপুর, ঢাকা- ১২১৬।

স্মারক নং- ২২.০১.০০০০.১০৬.২৩.০০০.২০২৩- ২৪৮

তারিখঃ- ১০/০১/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত মহলে প্রেরণ করা হলো।

- ১। প্রধান বন সংরক্ষক, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৩। প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানী ১১১-১১৩, মতিঝিল বণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
- ৪। কমিশনার অব কাষ্টমস্, কাষ্টমস্ হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৫। পরিচালক, বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৬। উপ-বন সংরক্ষক, রিমস্ ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। বিষয়টি বন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ৭। সহকারী পরিচালক (Assiatant Director), Livestock Quarantine Station, Terminal-1 হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। বন্যপ্রাণী পরিদর্শক, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, বন ভবন, মহাখালী, ঢাকা। স্থগিতাদেশ কালীন সময়ে উক্ত খামার এর কার্যক্রম নিয়মিত মনিটরিং করতঃ অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(কাজল তালুকদার)
বিভাগীয় বন কর্মকর্তা

বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
বন ভবন, মহাখালী, ঢাকা-১২১২।